# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩২ বর্ষ ২য় সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৮ মাঘ ১৪২৪, ৩১ জানুয়ারি ২০১৮

## অমর একুশে উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতি সভা

অমর একুশে ফেব্রুয়ারি-২০১৮ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা এবং সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে গত ২৪ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিভিন্ন অনুষদের ডীন, হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, সিনেট-সিন্ডিকেট সদস্য, শিক্ষক সমিতির প্রতিনিধি, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, অফিস প্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারী সমিতিসমূহের প্রতিনিধি এবং বিভিন্ন সংস্থার প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন। বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং ঢাকা মেডিকেল কলেজের প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। সভার শুরুতে মহান ভাষা আন্দোলনে শহীদ ভাষা সৈনিক ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

সমাপণী বক্তব্যে উপাচার্য জাতীয় চেতনার প্রতীক একুশে ফেব্রুয়ারির নিরাপত্তা ও মর্যাদার কথা বিবেচনা করে বিগত বছরগুলোর মত এবারও শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সতর্কতা, ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করার আহ্বান জানান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত সকল কর্মসূচী সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের কর্মসূচী পরিচালনার উদ্দেশ্যে সভায় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালকে সমন্বয়কারী এবং শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামকে যুগ্ম-সমন্বয়কারী করে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এই কমিটির সদস্য-সচিবের ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের ফলাফল ঘোষণার পর নির্বাচিত প্রতিনিধিবৃন্দ গত ২১ জানুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এসময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ সহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্য, প্রো-উপাচার্য (শিক্ষা) ও কোষাধ্যক্ষের সাথে নির্বাচিত প্রতিনিধিদের দেখা যাচ্ছে।

### ‘দক্ষিণ এশীয় সমাজবিজ্ঞান’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন

## সমাজের উন্নয়নে ঢাবি সমাজবিজ্ঞান বিভাগের ভূমিকা অপরিসীম- স্পিকার

ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান বিভাগের ৬০ বছর পূর্তি উপলক্ষে দু’দিনব্যাপী ‘দক্ষিণ এশীয় সমাজবিজ্ঞান’ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন গত ১৯ ডিসেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত

হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য সমাজবিজ্ঞানী অধ্যাপক কে এ এম সা’দউদ্দিন ও অধ্যাপক অনুপম সেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. নেহাল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মনিরুল ইসলাম ও ধন্যবাদ জ্ঞাপন করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম।

সম্মেলনে ‘কলোনিয়ালিজম, কোল্ড ওয়ার এন্ড গ্লোবালাইজেশন: সিচুয়েটিং সোসিওলজি ইন সাউথ এশিয়া’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন উপমহাদেশের প্রথিতযশা সমাজবিজ্ঞানী ও ‘ইন্টারন্যাশনাল সোসিওলজিকাল এসোসিয়েশনের সাবেক সভাপতি পদ্মভূষণ অধ্যাপক টি. কে. উমেন।

প্রধান অতিথির বক্তব্যে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় নয় সমাজের উন্নয়নে ঐতিহ্যবাহী এই বিভাগের ভূমিকা অপরিসীম। ‘দক্ষিণ এশীয় সমাজবিজ্ঞান’ ইস্যুটি সমসাময়িক ও গুরুত্বপূর্ণ। সমাজের বিভিন্ন শ্রেণির অংশগ্রহণ ও যথাযথ ব্যবহারে সমাজবিজ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তরুণদের অংশগ্রহণের মাধ্যমে সমাজের বিভিন্ন পরিবর্তনসহ নারীর ক্ষমতায়ন এবং সমাজে এর প্রভাব সমাজবিজ্ঞানের উন্নয়নের অংশ। জলবায়ু পরিবর্তন, দারিদ্র বিমোচন, সমঅধিকার প্রতিষ্ঠা, সামাজিক মূল্যবোধ, সম্পর্ক ও সংস্কৃতি ২য় পৃষ্ঠায় দেখুন

## ঢাবি সিনেটে ২৫জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচিত

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের ফলাফল গত ২১ জানুয়ারি ২০১৮ ঘোষণা করা হয়েছে। ফলাফল ঘোষণা করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধিবৃন্দ হলেন: মো: আতাউর রহমান প্রধান, অধ্যাপক ড. এ. এস. এম. মাকসুদ কামাল, এম. ফরিদউদ্দিন, এ. আর. এম. মঞ্জুরুল আহসান বুলবুল, এস. এম. বাহালুল মজনুন, অধ্যাপক ড. মুহাম্মদ আবদুস সামাদ, অধ্যাপক ড. জিনাত হুদা, অধ্যাপক ড. অসীম সরকার, অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, অধ্যাপক ড. সাদেকা হালিম, অধ্যাপক মাহফুজা খানম, অধ্যাপক ড. তাজিন আজিজ চৌধুরী, অধ্যাপক ড. এমরান কবির চৌধুরী, এ. এইচ. এম. এনামুল হক চৌধুরী, ড. মো: লিয়াকত হোসেন মোড়ল, মো: আলাউদ্দিন, অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার, রামেন্দু (কৃষ্ণ) মজুমদার, এ. বি. এম. বদরুদ্দোজা, নিজাম চৌধুরী, অধ্যাপক ডা. মো: আব্দুল আজিজ, অধ্যাপক ড. আ. ফ. ম. ইউসুফ হায়দার, অধ্যাপক মোহাম্মদ আব্দুল বারী, রঞ্জিত কুমার সাহা এবং মো: নাসির উদ্দিন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ৮০জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। মোট ভোটার সংখ্যা ছিল ৪৩,৯৯৭জন। নির্বাচনে ভোট পড়েছে মোট ২২,৬৪২টি, তন্মধ্যে ১,২৬০টি ভোট বাতিল হয়েছে।

“উপাচার্য ও প্রক্টরের কার্যালয় ভাঙচুর এবং উপাচার্যের সাথে অশোভন আচরণ”এর প্রতিপাদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে গত ২৮ জানুয়ারি ২০১৮ অপরাজেয় বাংলার পাদদেশে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। ছবিতে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালকে বক্তব্য প্রদান করতে দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের বার্ষিক প্রীতি সম্মিলনী অনুষ্ঠান গত ২৫ জানুয়ারি ২০১৮ শারীরিক শিক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বর্ণাঢ্য এই উৎসবের উদ্বোধন করেন। এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল মঈন এবং সম্পাদক অধ্যাপক ড. মো. মোর্শেদ হাসান খান উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে প্রধান অতিথির বক্তব্য প্রদান করতে দেখা যাচ্ছে।

### আন্তর্জাতিক এথনোফার্মাকোলজী কংগ্রেস

## প্রথাগত ওষুধের গবেষণায় দেশে অপার সম্ভাবনা রয়েছে–উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় ফার্মেসী বিভাগের উদ্যোগে গত ১৩ জানুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ১৮তম আন্তর্জাতিক এথনোফার্মাকোলজী কংগ্রেস অনুষ্ঠিত হয়েছে। ‘ইন্টারন্যাশনাল সোসাইটি ফর এথনোফার্মাকোলজী’ এবং ‘সোসাইটি ফর এথনোফার্মাকোলজী ইন্ডিয়া’র সহযোগিতায় বাংলাদেশে প্রথমবারের মতো আয়োজিত তিন দিনব্যাপী এ কংগ্রেসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত কংগ্রেসে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশে নিয়োজিত ভারতের হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা ও এমিরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। এছাড়াও ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আবদুর রহমান, ঔষধ প্রশাসনের মহাপরিচালক মেজর জেনারেল মো. মোস্তাফিজুর রহমান, ভারতের ছত্তিশগড়ের সাবেক গভর্নর শেখর দত্ত, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ‘স্কুল অব ন্যাচারাল প্রোডাক্ট এন্ড স্টাডিজ’ এর পরিচালক পুলক কে মুখার্জী প্রমুখ সম্মেলনে বক্তব্য রাখেন। বাংলাদেশে এই কংগ্রেসের আয়োজক কমিটির চেয়ারম্যান ও সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে অধ্যাপক ড. মো. আব্দুর রশীদ ও অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার।

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান প্রধান অতিথির বক্তৃতায় ভারত ও বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে বলেন, প্রকৃতির উৎস থেকেই যুগে যুগে প্রথাগত ওষুধ তৈরি হয়েছে এবং মানব সমাজের উন্নয়ন ঘটেছে। হার্বাল ওষুধের ইতিহাস শতবছরের। বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নকল্পে গুণগত গবেষণার জন্য বর্তমান সরকারের বিভিন্ন ইতিবাচক পদক্ষেপ সম্পর্কে আলোকপাত করেন মন্ত্রী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আন্তর্জাতিক এ ধরণের একটি বড় সম্মেলন ২য় পৃষ্ঠায় দেখুন

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল সরস্বতী পূজা উদ্‌যাপন কমিটির আয়োজনে গত ২২ জানুয়ারি ২০১৮ হল মিলনায়তনে সরস্বতী পূজা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান হলের পূজা মন্ডপ পরিদর্শন করেন। এসময় জগন্নাথ হল সরস্বতী পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, হলের আবাসিক শিক্ষক ও কমিটির আহ্বায়ক ড. তাপস দেবনাথ, যুগ্ম-আহ্বায়ক দুলাল চন্দ্র গাইনসহ সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

## সমাজের উন্নয়নে

(১ম পৃষ্ঠার পর) কোনকিছুই সমাজবিজ্ঞান চর্চার বাইরে নয়। দ্রুত পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে সমাজবিজ্ঞানের কৌশল অবলম্বন করে টেকসই উন্নয়নের মাধ্যমে বাংলাদেশকে একটি সমৃদ্ধশালী দেশে পরিণত করার জন্য নীতিনির্ধারকদের প্রতি স্পিকার আহ্বান জানান।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ গৌরবময় মুক্তিযুদ্ধে শহীদ সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের স্মরণ করে বলেন, ২০২১ সালে গৌরবময় ঢাকা বিশ্ববিদ্যালয় ১০০বছর পূর্ণ করবে। সমাজবিজ্ঞান বিভাগের ৬০ বছর পূর্তি সেই গৌরবেরই একটি অংশ। সমাজবিজ্ঞানে বিস্তর অবদান রাখা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা অধ্যাপক নাজমুল করিম ও অধ্যাপক রঙ্গলাল সেন'কে শ্রদ্ধাভরে স্মরণ করে তিনি বলেন, ক্রিমিনোলজি, ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজসহ আরো অনেক বিষয়ের উৎপত্তি হয়েছে সমাজবিজ্ঞান বিভাগ থেকে।

উল্লেখ্য, দেশ-বিদেশের সমাজবিজ্ঞান গবেষকগণ দু'দিনব্যাপী এই সম্মেলনে ৮টি সেশনে ৩২টি প্রবন্ধ উপস্থাপন করেন।

## প্রথাগত ওষুধের

(১ম পৃষ্ঠার পর) বাংলাদেশে আয়োজন করার জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ জীব বৈচিত্র্যে অনন্য, তাই প্রথাগত ওষুধের গবেষণায় দেশে অপার সম্ভাবনা রয়েছে। ঔষধি গাছের প্রাচুর্যের ফলে বাংলাদেশসহ উপমহাদেশে ওষুধ শিল্পের বিস্তৃতি ঘটেছে। ধারাবাহিকভাবে নতুন ওষুধ উদ্ভাবন এই শিল্পের আরও উন্নয়ন ঘটাবে।

'Ethnopharmacology & Drug development: Innovation meets tradition' প্রতিপাদ্য নিয়ে আয়োজিত এই আন্তর্জাতিক কংগ্রেসে ৩২টি দেশের ১৫০জন গবেষক, অধ্যাপক ও বিভিন্ন ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ প্রায় ৮০০জন অংশগ্রহণ করছেন। এতে দেশী-বিদেশী গবেষক ও বিশেষজ্ঞবৃন্দ প্রথাগত ওষুধ, হার্বাল, ইউনানী ও হোমিওপ্যাথ ওষুধের গুণগত মান ও বৈজ্ঞানিক বৈধতাকরণ সম্পর্কে আলোকপাত করেন।

## শিল্পকর্ম প্রদর্শনী

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে সাত দিনব্যাপী তরুণ শিল্পী এ বি এম রোকন-উজ-জামান সোহেলের একক শিল্পকর্ম প্রদর্শনী গত ২৪ জানুয়ারি ২০১৮ উদ্বোধন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

উদ্বোধন অনুষ্ঠান শেষে উপাচার্য প্রদর্শনী ঘুরে দেখেন।

## অমর একুশে উদ্‌যাপন

(১ম পৃষ্ঠার পর) দায়িত্ব পালন করবেন। সভায় সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে মহান অমর একুশে উদ্‌যাপনের লক্ষ্যে ১১টি উপ-কমিটি গঠন করা হয়। এগুলো হচ্ছে ঃ ঘোষণা মঞ্চ ব্যবস্থাপনা উপ-কমিটি, সাজ-সজ্জা উপ-কমিটি, জরুরী চিকিৎসা ব্যবস্থাপনা উপ-কমিটি, বৈদ্যুতিক আলো ব্যবস্থাপনা উপ-কমিটি, পরিবহন উপ-কমিটি, বাজেট উপ-কমিটি, আপ্যায়ন উপ-কমিটি, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা উপ-কমিটি, শৃঙ্খলা উপ-কমিটি, দাপ্তরিক কার্যাবলী ব্যবস্থাপনা উপ-কমিটি এবং একুশের রাতে শারীরিক শিক্ষা কেন্দ্রের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ উপ-কমিটি।

কবি সুফিয়া কামাল হলের ৬ষ্ঠ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৫ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

রোকেয়া হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১৪ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। ছবিতে প্রো-উপাচার্যের সাথে খেলায় বিজয়ী ছাত্রীদের দেখা যাচ্ছে।

# বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৭-২০১৮

## বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৬ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ম্যানেজমেন্ট বিভাগের ছাত্রী রেশমা আক্তার ইতি চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের ছাত্রী মোসা. লাবনী বেগম রানার আপ হয়েছেন।

## জিয়া হল

মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১০ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। খেলার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. জিয়া রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় দর্শন বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. হাসিব হাসান এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ছাত্র আব্দুল্লাহ আল-মুবিন যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, লোক প্রশাসন বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. হামিদুর রহমান রানার আপ হয়েছেন।

## মুহসীন হল

হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় সাংবাদিকতা বিভাগের মাস্টার্সের ছাত্র আলা আলীজা হোসেন এবং স্নাতক ১ম বর্ষের মো. জামান উল্লাহ যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের এম এড-এর ছাত্র এস এম মুশফিকুর রহমান আশিক রানার আপ হয়েছেন।

## অমর একুশে হল

অমর একুশে হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১৩ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অমর একুশে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

## রোকেয়া হল

রোকেয়া হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১৪ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ইতিহাস বিভাগের মাস্টার্সের ছাত্রী লাবনী ইসলাম চুমকী এবং অণুজীব বিজ্ঞান বিভাগের ২য় বর্ষের ছাত্রী মনিরা চৌধুরী মিলা যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ইসলামিক স্টাডিজ বিভাগের মাস্টার্সের ছাত্রী সালমা আক্তার রানার আপ হয়েছেন।

## কবি সুফিয়া কামাল হল

কবি সুফিয়া কামাল হলের ৬ষ্ঠ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৫ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কবি সুফিয়া কামাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় দর্শন বিভাগের ছাত্রী তাহামিনা আফসার এবং থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের ছাত্রী কামরুন নাহার লিজা যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, পরিসংখ্যান বিভাগের ছাত্রী ফারজানা আক্তার জিনিয়া রানার আপ হয়েছেন।

## সলিমুল্লাহ মুসলিম হল

সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৭ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মাহবুবুল আলম জোয়ার্দার। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, হলের আবাসিক শিক্ষকসহ বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় নৃত্যকলা বিভাগের ৩য় বর্ষের ছাত্র জাহিদ হাসান এবং ভূগোল ও পরিবেশ বিভাগের ৩য় বর্ষের ছাত্র নাছির উদ্দিন যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২য় বর্ষের ছাত্র মো. মুকুল মুর্শেদ রানার আপ হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা গত ১৪ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ক্রিকেট গ্রাউন্ডে শুরু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন।

হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১১ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

সলিমুল্লাহ মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৭ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১০ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। ছবিতে প্রো-উপাচার্যের সাথে খেলায় বিজয়ী ছাত্রদের দেখা যাচ্ছে।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৬ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

অমর একুশে হলের বার্ষিক অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা গত ১৩ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## রাশিয়ার রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত মি. আলেকজান্ডার ইগনাটভ গত ২৮ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সাথে ঢাকাস্থ রাশিয়ান সেন্টার অব সায়েন্স এন্ড কালচার-এর পরিচালক মি. আলেকজান্ডার পি. ডেমিন এবং রাশিয়ান দূতাবাসের এ্যাটাচে মিজ ইকাতারিনা তাইরিনা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এ সময় বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার ও সুদৃঢ় করার বিষয়ে তাঁরা মতবিনিময় করেন। এছাড়া, তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরো বৃদ্ধির ব্যাপারেও আলোচনা করেন। রাশিয়ার এমজিআইএমও ইউনিভার্সিটি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়েও তাঁরা মতবিনিময় করেন। এই সমঝোতা স্মারকের আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, গবেষক, শিক্ষার্থী, গবেষণাপত্র এবং পুস্তক বিনিময় করা হবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ে সিম্পোজিয়াম, সেমিনার এবং সম্মেলনের আয়োজন করা হবে। এই সমঝোতা স্মারকটি শীঘ্রই স্বাক্ষরিত হবে। রাশিয়ান রাষ্ট্রদূত মি. আলেকজান্ডার ইগনাটভ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে জানান যে, রাশিয়া শিগগিরই বিভিন্ন বিষয়ের ওপর বিশেষ করে শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস ও বিজ্ঞান সংক্রান্ত প্রায় ৭০০টি মূল্যবান পুস্তক ঢাকা বিশ্ববিদ্যালয়কে উপহার দিবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাশিয়ান সরকারের সাহায্য-সহযোগিতা অব্যাহত রাখা হবে বলে রাশিয়ার রাষ্ট্রদূত উপাচার্যকে অবহিত করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশ ও সাহায্য-সহযোগিতা অব্যাহত রাখার জন্য রাশিয়ান রাষ্ট্রদূত ও রাশিয়ান সরকারকে ধন্যবাদ জানান।

## টাওয়ার হ্যামলেট্স কাউন্সিল স্পিকার

যুক্তরাজ্যের টাওয়ার হ্যামলেট্স কাউন্সিলের স্পিকার সাবিনা আখতার গত ১০ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় টিসিবিএল গ্রুপের প্রেসিডেন্ট ও সিইও এম এস সেকিল চৌধুরী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## স্পেনের প্রতিনিধিদল

স্পেনিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ারের প্রধান অধ্যাপক মারিয়া জোসে মার্টিনেজ-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট স্পেনের একটি প্রতিনিধিদল গত ১৪ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক আম্পারা পোর্টা রিভাস, অধ্যাপক মারিয়া ক্যামানো এবং অধ্যাপক এ্যানা ডি তারিও।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরিচালিত স্পেনিশ ল্যাংগুয়েজ কোর্স উন্নয়নে প্রতিনিধি দলের সহযোগিতা চান। প্রতিনিধি দলের সদস্যরা এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

## বৃটিশ কাউন্সিল কান্ট্রি ডিরেক্টর

বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর বারবারা উইকহাম্ গত ১৪ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় বৃটিশ কাউন্সিলের উচ্চপদস্থ কয়েকজন কর্মকর্তা তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বৃটিশ কাউন্সিলের মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সিটিজেনশিপ এডুকেশন, কমিউনিটি এনগেজমেন্ট, ইংরেজি শিক্ষণ পদ্ধতিসহ নতুন নতুন শিক্ষা কার্যক্রম চালুর ব্যাপারে তারা মত বিনিময় করেন।

## মাওলানা আবুল কালাম আজাদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

ভারতের পশ্চিমবঙ্গের মাওলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মিত্র গত ২৫ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সঙ্গে ছিলেন ভারতের ইনস্টিটিউট অব লিডারশিপ এন্ট্রিপ্রিনিউয়ারশিপ এন্ড ডেভেলপমেন্টের চেয়ারম্যান প্রদীপ চোপড়া এবং আল আমিন ন্যাশনাল এডুকেশন এন্ড সোস্যাল মুভমেন্ট ট্রাস্ট-এর জেনারেল সেক্রেটারি ড. বি. আবদুল রফিক।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পশ্চিমবঙ্গের মাওলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে বায়ো-টেকনোলজি এবং ইনফরমেশন টেকনোলজি সংক্রান্ত যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণের জন্য শীঘ্রই একটি সমঝোতা স্বারক স্বাক্ষরের ব্যাপারে নীতিগতভাবে ঐকমত্য প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য মাওলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মিত্র ও তাঁর সফর সঙ্গীদের আন্তরিক ধন্যবাদ জানান।

## জাপানের অধ্যাপকদ্বয়

জাপানের কুমোমটো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হিরোতাকা ইহারা এবং অধ্যাপক ড. মাকোতো তাকাফুজি গত ২৭ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান, ড. পাপিয়া হক, ড. আবুল খায়ের মল্লিক, ড. মো. শাহারুজ্জামান এবং মো. মিনহাজুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ এবং জাপানের কুমোমটো বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে এই যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও বৃদ্ধি ও জোরদারের ব্যাপারেও তারা মত বিনিময় করেন।

জাপানের কুমোমটো বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক ড. হিরোতাকা ইহারা আগামী এপ্রিল মাসে তাঁর বিশ্ববিদ্যালয় পরিদর্শনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে আমন্ত্রণ জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই আমন্ত্রণ সানন্দে গ্রহণ করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা ও এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি সহযোগিতা প্রদানের ব্যাপারে গভীর আগ্রহ প্রকাশের জন্য অধ্যাপক ড. হিরোতাকা ইহারা এবং অধ্যাপক ড. মাকোতো তাকাফুজিকে আন্তরিক ধন্যবাদ জানান।

বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত মি. আলেকজান্ডার ইগনাটভ গত ২৮ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সাথে ঢাকাস্থ রাশিয়ান সেন্টার অব সায়েন্স এন্ড কালচার-এর পরিচালক মি. আলেকজান্ডার পি. ডেমিন এবং রাশিয়ান দূতাবাসের এ্যাটাচে মিজ ইকাতারিনা তাইরিনা উপস্থিত ছিলেন।

যুক্তরাজ্যের টাওয়ার হ্যামলেট্স কাউন্সিলের স্পিকার সাবিনা আখতার গত ১০ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

স্পেনিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ারের প্রধান অধ্যাপক মারিয়া জোসে মার্টিনেজ-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট স্পেনের একটি প্রতিনিধিদল গত ১৪ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

বৃটিশ কাউন্সিলের কান্ট্রি ডিরেক্টর বারবারা উইকহাম্ গত ১৪ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

ভারতের পশ্চিমবঙ্গের মাওলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মিত্র গত ২৫ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

জাপানের কুমোমটো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হিরোতাকা ইহারা এবং অধ্যাপক ড. মাকোতো তাকাফুজি গত ২৭ জানুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# ঢাবি ক্যাম্পাসে বিশ্ব হিন্দি দিবস উদ্‌যাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারের যৌথ উদ্যোগে গত ১০ জানুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ব হিন্দি দিবস উদ্‌যাপন করা হয়েছে। এ উপলক্ষে আধুনিক ভাষা ইনস্টিটিউট মিলনায়তনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের মধ্যে ছিল আলোচনা সভা, সাংস্কৃতিক পরিবেশনা, নৃত্য, আবৃত্তি প্রভৃতি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানমালার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা, ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য, ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারের পরিচালক সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, হিন্দি বর্তমানে শুধু ভারত নয়, বরং বিশ্বের বিভিন্ন দেশের জনপ্রিয় ভাষা। নাটক ও সিনেমার মাধ্যমে এই ভাষা জনপ্রিয়তা লাভ করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় হিন্দি ভাষা কোর্সের উন্নয়নে তিনি ভারত সরকারের সহযোগিতা চান।

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প পরিচালিত হচ্ছে। উভয় দেশের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময় কার্যক্রমও চলছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান হিন্দি ভাষা কোর্সের উন্নয়নে ভারতের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি জানান।

অনুষ্ঠানে হিন্দি ম্যাগাজিনের দ্বিতীয় সংস্করনের মোড়ক উন্মোচন করা হয়। এছাড়া, হিন্দি ভাষা কোর্সের কৃতী শিক্ষার্থীদের এ্যাওয়ার্ড ও ক্রেস্ট প্রদান করা হয়। এর আগে, ভারতীয় হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তার কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

# ঢাবি-এ দু'দিন-ব্যাপী সংগীত উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের আয়োজনে দুই দিন-ব্যাপী নিয়মিত বার্ষিক সংগীতায়োজন 'সংগীত উৎসব ২০১৭' গত ২৬-২৭ জানুয়ারি ২০১৮ মল চত্বরে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সংগীত উৎসবের উদ্বোধন করেন।

বিভাগীয় চেয়ারম্যান ড. মহসিনা আক্তার খানমের (লীনা তাপসী) সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশীদ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলাউদ্দিন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নাজমুল আহসান কলিমউল্লাহ, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির উপাচার্য অধ্যাপক ড. কাজী মো. মফিজুর রহমান এবং নজরুল গবেষক ও এমিরেটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম।

'বাংলার গান' শীর্ষক এ বছরের উদ্বোধনী অনুষ্ঠানে দেশ বরেণ্য শিল্পীদের স্ব-ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্ত শিল্পীরা হলেন - কণ্ঠ শিল্পী সুবীর নন্দী, সেতার বাদক ফিরোজ খান, কবি ও গীতিকার জাহিদুল হক, সুরকার সেলিম আশরাফ এবং বংশীবাদক মো. মনিরুজ্জামান।

এছাড়া, বিভাগের প্রয়াত শিক্ষক নীলুফার ইয়াসমীন-এর স্মরণে বিভাগের অনার্স ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত জান্নাতুল ফেরদৌস নীলাকে 'নীলুফার ইয়াসমিন স্মারক বৃত্তি' প্রদান করা হয়।

উল্লেখ্য, দুই দিন-ব্যাপী সংগীতায়োজনের প্রথম দিন ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের শিক্ষার্থীরা সংগীত পরিবেশন করেন।

# কবি-অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান স্মারক বক্তৃতা

কবি-অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান স্মারক বক্তৃতা গত ২৫ জানুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় 'কবি-অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান ট্রাস্ট ফান্ড' এই অনুষ্ঠানের আয়োজন করে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। 'ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষা বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রফিকুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন ট্রাস্ট ফান্ডের দাতা মিসেস রাশিদা জামান। ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী। অনুষ্ঠান সঞ্চালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি একাধারে কবি, সাহিত্যিক, গীতিকার, সুরকার এবং নিবেদিত প্রাণ শিক্ষক ও গবেষক ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা উন্নয়নে তিনি অনন্য অবদান রেখে গেছেন। মুক্তবুদ্ধির চর্চা ও প্রগতিশীল আন্দোলনেও তিনি ভূমিকা রেখেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার তথা জাতি চিরদিন শ্রদ্ধার সঙ্গে তাকে স্মরণ করবে।

উল্লেখ্য, বিশিষ্ট কবি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান ১৯৩৬ সালের ১৫ আগস্ট যশোরে জন্মগ্রহণ করেন এবং ২০০৮ সালের ২ সেপ্টেম্বর ইন্তেকাল করেন।

# কবি সুফিয়া কামাল হলের ৪০জন ছাত্রীর বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি সুফিয়া কামাল হলের উদ্যোগে আয়োজিত 'কবি সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি-২০১৭' প্রদান অনুষ্ঠান গত ১৬ জানুয়ারী ২০১৮ হলের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে হলের বিভিন্ন বিভাগের ছাত্রীদের মাঝে বৃত্তির চেক ও সার্টিফিকেট প্রদান করেন। 'মেধাবৃত্তি', 'সাধারণ বৃত্তি' ও 'সহ-পাঠ্যক্রম' এই ৩টি ক্যাটাগরিতে ৪০জন ছাত্রীকে এই বৃত্তি প্রদান করা হয়। হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও ট্রাস্ট ফান্ডের সভাপতি অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। স্বাগত বক্তব্য দেন কবি 'সুফিয়া কামাল হল ট্রাস্ট ফান্ড বৃত্তি-২০১৭' এর আহ্বায়ক আফরোজা বুলবুল। অনুষ্ঠানে হলের আবাসিক শিক্ষকবৃন্দ ছাড়াও বিপুল সংখ্যক ছাত্রী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত ছাত্রীদের অভিনন্দন জানিয়ে বলেন, বৃত্তি অর্জন করা মানে সমাজ ও রাষ্ট্রের কাছে দায়বদ্ধ হওয়া। দেশের জন্য তাদের কিছু করার আছে, সমাজ তাদের কাছে অনেক কিছু আশা করে। যে ৪০ জন ছাত্রী বৃত্তি পেয়েছে তাদের কাছ থেকে আরও অনেক শিক্ষার্থী অনুপ্রাণিত হবে উল্লেখ করে উপাচার্য বলেন, বৃত্তি পাওয়ার মাঝে বহুমাত্রিক প্রভাব রয়েছে। তিনি শিক্ষার্থীদের বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যকে সম্মান করা ও অন্যের প্রতি শ্রদ্ধাশীল থাকার পরামর্শ দেন। পরিশেষে উপাচার্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনদর্শন অনুসরণ করে উদার নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হওয়ার আহ্বান জানান।

# ঢাবি এবং বিএসএমএমইউ-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী মেডিসিন বিভাগের মধ্যে গত ১৬ জানুয়ারি ২০১৮ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. আলী আসগর মোড়ল নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস এর পরিচালক অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভূঞা, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মো. কুদ্দুসুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারক অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় নিজেদের ল্যাবরেটরীতে পারস্পরিক গবেষণা সুবিধা বিনিময় করবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই চুক্তি স্বাক্ষরের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এর ফলে উভয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, চিকিৎসক, বিজ্ঞানী এবং শিক্ষার্থীরা উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

# অধ্যাপক আবদুল মুকতাদির স্মারক বৃত্তি পেলেন ঢাবির ৩ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের ৩ জন মেধাবী শিক্ষার্থী 'অধ্যাপক আবদুল মুকতাদির স্মারক বৃত্তি' লাভ করেছেন। গত ১৫ জানুয়ারি ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড মো. আজিজুর রহমান, ট্রাস্ট ফান্ডের অন্যতম দাতা ড. আবদুল মোনায়েম, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি প্রয়াত অধ্যাপক আবদুল মুকতাদির-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- আজাদুর রহমান শাকিল, মো. আব্দুর রাকিব ও মো. ছাদিকুল ইসলাম শেখ।

# অধ্যাপক এবিএম মাহমুদ স্বর্ণপদক প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে "অধ্যাপক এবিএম মাহমুদ স্বর্ণপদক" শীর্ষক নতুন একটি স্বর্ণপদক প্রবর্তন করা হয়েছে। এই স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে ইতিহাস বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. এবিএম মাহমুদ ১১ লাখ টাকার একটি চেক গত ১৭ জানুয়ারি ২০১৮ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আহমেদ আবদুল্লাহ জামাল, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, কয়েকজন শিক্ষক ও দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের বিএ সম্মান ও এমএ পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত দু'জন মেধাবী শিক্ষার্থীকে "অধ্যাপক এবিএম মাহমুদ" স্বর্ণপদক প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন এর মাধ্যমে ইতিহাস বিভাগের শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫